গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
কর প্রশাসন-১ শাখা
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা
www.nbr.gov.bd

**স্মারক নম্বর:** ০৮.০১.০০০০.০০০.০১৯.১২.০০০১.২১.৬১৮

তারিখ: ১৭ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: উপসচিব পদে পদোন্নতি বিবেচনার জন্য বিসিএস (কর) ক্যাডারের আগ্রহী কর্মকর্তাগণের নামের তালিকা প্রেরণ।**

সূত্র: অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০০০.০৩৭.১২.০০০২.২১.২৮৯, তারিখ: ২৯/১০/২০২৫খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বিসিএস (কর) ক্যাডারের ২৮ হতে ৩১তম ব্যাচ পর্যন্ত যে সমস্ত কর্মকর্তার সিনিয়র স্কেল পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছর চাকরিসহ সংশ্লিষ্ট ক্যাডারের সদস্য হিসাবে অন্যূন ১০ (দশ) বছর চাকরি পূর্ণ হয়েছে তাদের মধ্যে হতে উপসচিব পদে পদোন্নতির জন্য আগ্রহী ১০ (দশ) জন কর্মকর্তার নামের তালিকা নির্ধারিত ছক মোতাবেক আগামী ০৫/১১/২০২৫ খ্রি. তারিখের মধ্যে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, উপসচিব পদে পদোন্নতি বিবেচনার নিমিত্ত বিসিএস (কর) ক্যাডারের আগ্রহী কর্মকর্তাগণের নির্ধারিত ছক মোতাবেক দাখিলকৃত আবেদন আগামী ০৪/১১/২০২৫ খ্রি. তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) Letter-289 (DS)_merged

০২-১১-২০২৫
নুরুন্নাহার শিফা
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-১)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট/উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট/ই- ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা/বিসিএস কর একাডেমী, ঢাকা।
২। কর কমিশনার, কর অঞ্চল- ১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫/১৬/১৭/১৮/১৯/২০/২১/২২/২৩/২৪/২৫, ঢাকা।
৩। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬, চট্টগ্রাম।
৪। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় কর জরীপ অঞ্চল, বাংলাদেশ, ঢাকা।
৫। কর কমিশনার, কর অঞ্চল- রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/গাজীপুর/ময়মনসিংহ/নারায়ণগঞ্জ/বগুড়া/কুমিল্লা/যশোর/কুষ্টিয়া/ দিনাজপুর/ফরিদপুর/নোয়াখালী/নরসিংদী/কক্সবাজার।
৬। কর কমিশনার (আপীল), কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা/খুলনা/চট্টগ্রাম/রাজশাহী।
৭। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
৮। প্রথম সচিব (সকল), আয়কর অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৯। দ্বিতীয় সচিব (সকল), আয়কর অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১৭ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ

**স্মারক নম্বর:** ০৮.০১.০০০০.০০০.০১৯.১২.০০০১.২১.৬১৮/১ (২)  তারিখ: ০২ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২-১১-২০২৫
নুরুন্নাহার শিফা
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-১)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
কর-২ শাখা
www.ird.gov.bd

**স্মারক নম্বর:** ০৮.০০.০০০০.০০০.০৩৭.১২.০০০২.২১.২৮৯

তারিখ: ১৩ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৯ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: উপসচিব পদে পদোন্নতি বিবেচনার জন্য বিসিএস (প্রশাসন) ক্যাডার ব্যতীত অন্যান্য ক্যাডারের কর্মকর্তাদের নামের তালিকা প্রেরণ।**

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৩০.১২.০৪৪.২৫.৯৭৩, তারিখ: ২৬/১০/২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে বিসিএস (কর) ক্যাডারের ২৮তম হতে ৩১তম ব্যাচ পর্যন্ত যে সকল কর্মকর্তার চাকরি অন্যূন ১০ (দশ) বছর এবং সিনিয়র স্কেল পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছর পূর্ণ হয়েছে তাদের মধ্যে হতে উপসচিব পদে পদোন্নতির জন্য মেধা, দক্ষতা ও জ্যেষ্ঠতার ক্রমানুসারে আগ্রহী প্রথম ১০ (দশ) জন কর্মকর্তার নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে) সংযুক্ত ছক মোতাবেক প্রয়োজনীয় তথ্যাদি/কাগজপত্রসহ ০৫ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে এ বিভাগের প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৪ (চার) পাতা।

২৯-১০-২০২৫
মোঃ জাকির হোসেন
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
zakirhassain008@gmail.com

চেয়ারম্যান
চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, জাতীয় রাজস্ব বোর্ড।

**স্মারক নম্বর:** ০৮.০০.০০০০.০০০.০৩৭.১২.০০০২.২১.২৮৯/১ (৫)

তারিখ: ১৩ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৯ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। যুগ্মসচিব (কর), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
৩। উপসচিব (কর), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
৪। সচিব এর একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
৫। সহকারী প্রোগ্রামার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো)।

২৯-১০-২০২৫
মোঃ জাকির হোসেন
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

JS (Tax) কে দিন।
২৭.১০.২০২৫
৭০

**অতি জরুরি**
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
উর্ধ্বতন নিয়োগ-১ শাখা
www.mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.১৩০.১২.০৪৪.২৫.৯৭৩

তারিখ: ১০ কার্তিক ১৪৩২ / ২৬ অক্টোবর ২০২৫

বিষয় : **উপসচিব পদে পদোন্নতি বিবেচনার জন্য বিসিএস (প্রশাসন) ক্যাডার ব্যতীত অন্যান্য ক্যাডার কর্মকর্তাগণের নামের তালিকা প্রেরণ।**

উপসচিব পদে পদোন্নতির নিমিত্ত বিসিএস (কর) ক্যাডারের ২৮তম হতে ৩১তম ব্যাচ পর্যন্ত আগ্রহী যে সকল কর্মকর্তার চাকরি অন্যূন ১০ (দশ) বছর এবং সিনিয়র স্কেল পদে ০৫ (পাঁচ) বছর পূর্ণ হয়েছে তাঁদের মধ্যে মেধা, দক্ষতা ও জ্যেষ্ঠতার ক্রমানুসারে প্রথম ১০ (দশ) জনের নামের তালিকা সংযুক্ত ছকে (নিকষ ফন্টে সফট কপি sa1@mopa.gov.bd ইমেইল ঠিকানায়) আগামী ২৭ নভেম্বর, ২০২৫ তারিখের মধ্যে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। তালিকার সাথে প্রদেয় বিষয়াবলি নিম্নরূপ:

ক) কর্মকর্তাগণের তালিকা মেধা, দক্ষতা ও জ্যেষ্ঠতা অনুযায়ী সঠিক ও নির্ভুলভাবে প্রেরণ করতে হবে।

খ) বর্তমান ঠিকানা (টেলিফোন/মোবাইল নম্বরসহ), স্থায়ী ঠিকানা (পিতার নামসহ), পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবিসহ পৃথক কাগজে চাকরির পূর্ণ বৃত্তান্ত প্রেরণ করতে হবে।

গ) যাদের নামের তালিকা প্রেরণ করা যাবে না:

- অনাগ্রহী কর্মকর্তা;
- জ্যেষ্ঠতা সম্পর্কে আদালতে মামলা বিচারাধীন থাকলে বা পদোন্নতি প্রদান করা হলে আদালত অবমাননা হতে পারে এমন কর্মকর্তা;
- বিসিএস ৩১তম ব্যাচের পরবর্তী ব্যাচসমূহের কর্মকর্তা;
- অন্যূন ১০ (দশ) বছর চাকরিসহ সিনিয়র স্কেল পদে চাকরির মেয়াদ ০৫ (পাঁচ) বছর পূর্ণ হয়নি এমন কর্মকর্তা;
- সিলেকশন গ্রেড/টাইম স্কেল/উচ্চতর গ্রেড প্রাপ্তির মাধ্যমে ৪র্থ গ্রেড অর্জন করেছেন এরূপ কর্মকর্তা ব্যতীত যারা পদোন্নতির মাধ্যমে ৪র্থ গ্রেডভুক্ত হয়েছেন (স্পষ্টীকরণ পত্রের কপি সংযুক্ত)।

ঘ) প্রেরিত সকল কাগজপত্রের প্রতি পৃষ্ঠা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিবের নিম্নে নয়) কর্তৃক সত্যায়িত হতে হবে।

ঙ) সংশ্লিষ্ট কর্মকর্তাগণের এসিআর নম্বর প্রেরণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিআর অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে পরীক্ষাপূর্বক নম্বর/তথ্যাদি সংযুক্ত ছকে উল্লেখসহ প্রেরণ করতে হবে। [সিআর অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯.০১.২০০৯ তারিখের সম(সিআর-৩)-৪/০৪-৪ সংখ্যক পত্র দ্রষ্টব্য] (কপি সংযুক্ত)।

৩। তালিকা প্রেরণ করার পর কোনো কারণে প্রেরিত তালিকা সংশোধনের প্রয়োজন হলে পূর্বেরটি বাতিলপূর্বক মেধা, দক্ষতা ও জ্যেষ্ঠতার ক্রমানুসারে পূর্ণাঙ্গ তালিকা পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে পুনরায় প্রেরণ করতে হবে। কোনো কর্মকর্তা পছন্দ (Option) প্রদান করে উপসচিব পদে পদোন্নতি প্রাপ্ত হলে তাঁকে আবশ্যিকভাবে পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদান করতে হবে।

৪। কোনোরূপ ব্যত্যয় অথবা ২(গ) অনুচ্ছেদে উল্লিখিত কারণে কোনো কর্মকর্তা পদোন্নতি প্রাপ্ত হলে অথবা পদোন্নতি বঞ্চিত হলে এর দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তা ও ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ হিসেবে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ-কে বহন করতে হবে।

৫। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত তালিকা/নাম পদোন্নতির জন্য বিবেচনার অন্তর্ভুক্ত করা হবে না।

সংযুক্তি : বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

২৬.১০.২৫
(মোহাম্মদ রফিকুল হক)
উপসচিব
ফোন : ০২২২৬৬৪১১২৮

সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# ছক

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পিতার নাম, জন্ম তারিখ, নিজ জেলা, পদবি, বেতন গ্রেড ও বর্তমান কর্মস্থল এবং স্থায়ী ঠিকানা ও চাকরির পূর্ণ বৃত্তান্ত (প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করতে হবে) | ক্যাডারে যোগদানের তারিখ ও ব্যাচ | বাংলাদেশ সিভিল সার্ভিস (পদোন্নতির জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৭ অনুযায়ী সিনিয়র স্কেল প্রাপ্তির তারিখ | ➢ বুনিয়াদী প্রশিক্ষণ গ্রহণ ➢ বিভাগীয় প্রশিক্ষণ গ্রহণ ➢ আইন/ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার তারিখ ও প্রতিষ্ঠানের নাম (সনদপত্র/গেজেটের ছায়ালিপি সংযুক্ত করতে হবে) | শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত প্রতিবেদন (এস.এস.সি হতে মাস্টার্স পর্যন্ত পাশের বছর ও ফলাফল উল্লেখসহ সকল সনদের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করতে হবে) | এ.সি.আর নম্বর সংক্রান্ত প্রতিবেদন | | | এ.সি.আর এ বিরূপ মন্তব্য সংক্রান্ত প্রতিবেদন (বিরূপ মন্তব্য ও প্রদানের বছর) বিরূপ মন্তব্য যথাযথ প্রক্রিয়ায় অবহিত করা হয়েছে কিনা / নিষ্পত্তি করা হয়েছে কিনা উল্লেখ করতে হবে | শৃঙ্খলা সংক্রান্ত প্রতিবেদন | দুর্নীতি সংক্রান্ত প্রতিবেদন | ক্যাডারে নবম গ্রেডের মোট পদ সংখ্যা (অর্থাৎ এন্ট্রি পদের মোট সংখ্যা) | ক্যাডারে মোট অনুমোদিত পদ সংখ্যা | সি.স্কেল/ পদোন্নতি/ অন্যান্য ক্ষেত্রে প্রমার্জনের সুবিধা প্রাপ্ত হলে তার বিবরণ | ব |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮ সাল পর্যন্ত চাকরিকালীন বছরভিত্তিক নম্বর, মোট নম্বর, গড় নম্বর এবং গড় নম্বরের ২৫% | ২০১৯-২০২৩ সাল পর্যন্ত বছরভিত্তিক নম্বর, মোট নম্বর, গড় নম্বর এবং গড় নম্বরের ৩০% | মোট নম্বর (৫৫% এর মধ্যে) [গড় নম্বরের ২৫% এবং গড় নম্বরের ৩০% এর যোগফল] | | (ক) অভিযোগ/মামলা তদন্তাধীন/বিচারাধীন আছে কিনা? (খ) চাকরি জীবনে কোন গুরু দন্ড বা লঘু দন্ড পেয়েছেন কিনা? সংক্ষিপ্ত প্রতিবেদনসহ অপরাধের প্রকৃতি ও দন্ড আরোপের সময় উল্লেখ করতে হবে। (প্রযোজ্য ক্ষেত্রে আদেশের কপি সংযুক্ত করতে হবে) | (ক) অভিযোগ/মামলা তদন্তাধীন/বিচারাধীন আছে কিনা? (খ) চাকরি জীবনে কোন দুর্নীতি সংক্রান্ত মামলায় শাস্তি পেয়েছেন কিনা? মামলা তদন্তাধীন/ চলমান থাকলে কিংবা ইতোমধ্যে শাস্তি পেয়ে থাকলে সংক্ষিপ্ত প্রতিবেদনসহ শাস্তি আরোপের তারিখ ও মেয়াদকাল উল্লেখ করতে হবে | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | |
| | | | | | | | | | | | | | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
সিআর-৩ শাখা

নং সম (সিআর-৩) -৪/০৪-৪

০৬ মাঘ ১৪১৫ বাং।
তারিখঃ ---------------------
১৯ জানুয়ারী ০৯ খ্রিঃ।

**বিষয়ঃ প্রশাসন ক্যাডার ব্যতীত অন্যান্য ক্যাডারের কর্মকর্তাদের উপসচিব পদে পদোন্নতির সুপারিশকালে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক এসিআর যাচাই-বাছাই এর সময় সংস্থাপন মন্ত্রণালয়ের প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রশাসন ক্যাডার ব্যতীত অন্যান্য ক্যাডারের কর্মকর্তাদের উপসচিব পদে পদোন্নতির-পর সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় হতে তাঁদের ডোসিয়ার সিআর অধিশাখায় প্রেরণ করা হয়। উক্ত ডোসিয়ার সিআর অধিশাখায় পর্যালোচনাকালে বিভিন্ন ধরণের ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হয়।যেমন অস্বাভাবিক হিসেবে এসিআর দাখিল, এসিআরের মেয়াদ উল্লেখ না করা, মূল্যায়নের ঘরে ঘষামাজা, সঠিক আইআরও/সিএসও কর্তৃক এসিআর অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর না করা,ফরম প্রচলনের পূর্বের তারিখ ব্যবহার করে বর্তমান এসিআর ফরম ব্যবহার, বিরূপ মন্তব্যসহ এসিআর মূল্যায়ন করা, ১০/১৫ বছরের এসিআর একত্রে দাখিল করা ইত্যাদি।

০২। উল্লেখ্য, অন্যান্য ক্যাডারের কর্মকর্তাদের উপসচিব পদে পদোন্নতিকালে তাঁদের এসিআর/ডোসিয়ার সিআর অধিশাখা কর্তৃক যাচাই-বাছাই পূর্বক মূল্যায়ন করা হয় না। ফলে এধরণের ত্রুটি-বিচ্যুতি বা অসংগতি থাকা সত্বেও অনেকে পদোন্নতি লাভ করেছেন। অথচ প্রশাসন ক্যাডারের কর্মকর্তাগণ এধরণের ত্রুটি-বিচ্যুতি বা অসংগতির কারণে পদোন্নতি বঞ্চিত হয়ে থাকেন। একই নীতিমালার আওতায় দু'ধরণের মূল্যায়ন কাম্য নয়। কারণ এতে করে কারো কারো পদোন্নতি বঞ্চিত হবার আশংকা থেকে যায়।

০৩। এমতাবস্থায়, উপসচিব পদে পদোন্নতির জন্য সুপারিশের নিমিত্ত সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়ে ডোসিয়ার যাচাই-বাছাইকালে সংস্থাপন মন্ত্রণালয়ের সিআর অধিশাখার একজন কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(রহমত উল্লাহ মোঃ মঞ্জুর)
উপসচিব (সিআর)
ফোন-৭১৬৫৯৭১

সচিব
-----------------------------------মন্ত্রণালয়/বিভাগ(সকল)।

অনুলিপিঃ
১। যুগ্ম-সচিব(এপিডি),সংস্থাপন মন্ত্রণালয়।
২। সচিবের একান্ত সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ।
৩। সচিবের একান্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
উর্ধ্বতন নিয়োগ-১ অধিশাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১৩০.১২.০০৪.১৯-১৬৩

তারিখ: ১২ ফাল্গুন ১৪২৬ / ২৫ ফেব্রুয়ারি ২০২০

**বিষয় : উপসচিব পদে পদোন্নতি বিবেচনার জন্য প্রশাসন ক্যাডার ব্যতীত অন্যান্য ক্যাডারের কর্মকর্তাদের নামের তালিকা প্রেরণ সংক্রান্ত স্পষ্টীকরণ।**

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৩০.১২.০০৪.১৯-১১৩, ১১৪ ও ১১৫, তারিখ: ০৯/০২/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে উপসচিব পদে পদোন্নতির জন্য যে সকল মন্ত্রণালয়/বিভাগ হতে ইতোমধ্যে ৪র্থ বা তদূর্ধ্ব গ্রেডপ্রাপ্ত কর্মকর্তাদের নাম প্রেরণ করা হয়েছে তাদের নাম বাদ দিয়ে সংশোধিত তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হয়। সূত্রোক্ত পত্রে ৪র্থ গ্রেডভুক্ত কর্মকর্তা বলতে ৪র্থ গ্রেডের পদধারী অর্থাৎ যে সকল কর্মকর্তা পদোন্নতি পেয়ে ৪র্থ গ্রেডভুক্ত হয়েছেন তাদের বুঝানো হয়েছে। পদোন্নতি ব্যতীত সিলেকশন গ্রেড/টাইম স্কেল/উচ্চতর গ্রেড পেয়ে যারা ৪র্থ গ্রেড অর্জন করেছেন, তাদের উপসচিব পদে পদোন্নতির জন্য আবেদন করার সুযোগ রয়েছে।

০২। বর্ণিত সিদ্ধান্তের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫.০২.২০২০

(মোঃ তফিজুল ইসলাম খান)
উপসচিব
ফোন : ৯৫৭৪৫৫৮

সিনিয়র সচিব/সচিব
.............................................মন্ত্রণালয়/বিভাগ।